



“মুজিববর্ষের আহবান  
দক্ষ হয়ে বিদেশ যান”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
নিউ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০  
কর্মসংস্থান শাখা-০১  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)



নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.০৫৬.১৯-১৮৬

তারিখ : ১৪-১০-২০২১ খ্রিঃ

বিষয় : নিয়োগানুমতি প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্ট মেসার্স এশিয়া কন্টিনেন্টাল গ্রুপ (বিডি) আরএল-( ৫২৩)- আবেদনের প্রেক্ষিতে রোমানিয়াস্থ SANTI ERUL NAVAL CONSTANT A SA কোম্পানীর অধীনে নিম্নোক্ত ক্যাটাগরিতে সর্বমোট= ৬০ (ষাট) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে জ্ঞাপন করা হলোঃ-

কোম্পানীর নাম	পদের নাম	কর্মীর সংখ্যা	মাসিক বেতন (USD)	অন্যান্য সুবিধাদি
SANTI ERUL NAVAL CONSTANT A SA	Locksmiths for steel hull block fabrication	৩০	\$৫৬০	চুক্তির মেয়াদ- ০২ বছর, (নবায়নযোগ্য); শিক্ষানবিশকাল- ৯০ (নব্বই) দিন; দৈনিক কর্মঘন্টা-৮ ঘন্টা; সপ্তাহে ০৬ দিন; বিমান ভাড়া- রিক্রুটিং এজেন্ট বহন করবে; বাসস্থান, রেসিডেন্ট পারমিট, যাতায়াত, ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী- কোম্পানী বহন করবে; আহার: নিজ; চাকুরির অন্যান্য শর্তাবলী রোমানিয়াস্থ শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।
	pipe workers for fabrication and installation of pipes	২০	\$৫৬০	
	Welders	১০	\$৫৬০	

সর্বমোট= ৬০ জন

শর্তাবলী :


- প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে রোমানিয়া যাবেন অথবা সংশ্লিষ্ট বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- কোভিড-১৯ এ বিদ্যমান পরিস্থিতিতে নির্ধারিত সময়সীমা অনুসরণ করে যথাযথ প্রক্রিয়ায় কর্মীদের কোভিড টেস্ট নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য বিধি সংক্রান্ত আনুষঙ্গিক নিয়ম কানুন প্রতিপালন করতে হবে।
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশের কর্মীরা রোমানিয়া পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং বুখারেস্ট, রোমানিয়া দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে মূল চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ সর্বোচ্চ ৪,৯০,০০০/- (চার লক্ষ নব্বই হাজার) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং তার প্রমাণপত্র মহাপরিচালক, বিএমইটি বরাবর উপস্থাপন করতে হবে।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হবে না, অনুমোদিত কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানিতে অবশ্যই চাকুরী পাবে এবং প্রত্যেক কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা, আবাসন ও অন্যান্য সুযোগ-সুবিধা দেয়া হবে এবং কোন ধরণের অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটলে রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- চাকুরির শর্তাবলী রোমানিয়ার শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:



পূর্ব পৃষ্ঠার পর হতে:

- (এ) বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযোজ্য না হলে তা কর্মীর উপর বর্তাবে না।  
(ট) দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি পরীক্ষান্তে নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।  
(ঠ) মূল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের Attestation-এর বিষয়টি বিএমইটি সতর্কভাবে পরীক্ষা করবে।  
(ড) ১ জুলাই ২০১৭ থেকে ডাটাবেজ কার্যকর হওয়ায় ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক, বিএমইটি নিশ্চিত করবেন।  
(ঢ) অনুমোদিত কর্মীগণ নির্ধারিত কর্মস্থলে যথাযথভাবে কর্মে নিয়োজিত হয়েছেন কি না তা সরেজমিন যাচাইপূর্বক রোমানিয়ায় নিযুক্ত বাংলাদেশ দূতাবাস প্রধান-কে ৩০ কর্ম দিবসের মধ্যে প্রতিবেদন দিতে হবে।



২৪/১০/২০২২  
(সুমমা সুলতানা)

উপসচিব

ফোন : ০২-৪১০৩০২৪২

ই-মেইল: dsemployment1@probashi.gov.bd

মহাপরিচালক

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো


৮৯/২, কাকরাইল, ঢাকা।

নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.০৫৬.১৯- ৯৮৬

তারিখঃ ১৪-১০-২০২১ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. তৃতীয় সচিব, বাংলাদেশ দূতাবাস বুখারেস্ট, রোমানিয়া।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪. প্রোগ্রামার, আইটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৬. স্বত্বাধিকারী, এশিয়া কন্টিনেন্টাল গ্রুপ (বিডি) আরএল-( ৫২৩), নাভানা সিলভানিয়া, ৬ষ্ঠ তলা, নর্থ বারিধারা রোড, গুলশান-২, ঢাকা-১২১২।
৭. অফিস কপি।



২৪/১০/২০২২  
(সুমমা সুলতানা)

উপসচিব

ফোন : ০২-৪১০৩০২৪২

ই-মেইল: dsemployment1@probashi.gov.bd